

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-৭ (ভোকেশনাল-২)
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা-১২০৭।
www.techedu.gov.bd

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০২৩.০৭.০৮১.১৩-৭৬৫

তারিখঃ ২৬/১০/২০১৬ খ্রিঃ।

বিষয়ঃ ২০১৬-১৭ অর্থ বছরের 'বার্ষিক ক্রয় পরিকল্পনা' অনুমোদন প্রসঙ্গে।


সূত্রঃ টিএসসি/কুশ/স্টোর/এপিপি/১৬-১৭/২৮৪, তারিখঃ ২১/৯/২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০১৬-১৭ অর্থ বছরে তাঁর প্রতিষ্ঠানের মালামাল/যন্ত্রপাতি ক্রয়ের নিমিত্ত অনুমোদনের জন্য প্রস্তাবিত 'Annual Procurement Plan' এবং সংযুক্ত মালামাল/যন্ত্রপাতির তালিকায় নিম্ন বর্ণিত অসঙ্গতি পরিলক্ষিত হয়-

- ৪৮৫৬-কাঁচামাল ও খুচরা যন্ত্রাংশ উপধাতে নষ্টযোগ্য/কাঁচামাল ও খুচরা যন্ত্রাংশ ক্রয়ের প্রস্তাব না করে যন্ত্রপাতি/সম্পদ এবং আনুষঙ্গিক দ্রব্যাদি ক্রয়ের জন্য প্রস্তাব প্রেরণ করা হয়েছে।
- ৪৮৫২-রাসায়নিক দ্রব্যাদি উপধাতে রসায়নে অন্যান্য আনুষঙ্গিক মালামাল (রাসায়নিক নয়) ক্রয়ের জন্য প্রস্তাব প্রেরণ করা হয়েছে।
- ৪৮৩১-বইপত্র সাময়িকী উপধাতে সংযুক্ত তালিকায় সিলেবাস সংশ্লিষ্ট এবং মুক্তিযুদ্ধ ও স্বাধীনতা বিষয়ক বই কেনার অগ্রাধিকার বিষয়ক নির্দেশনা থাকা সত্ত্বেও এ সংক্রান্ত কোন বই ক্রয়ের প্রস্তাব করা হয়নি।
- বোর্ড অ্যাফিলিয়েশন ফি এবং লিভারিজ এর জন্য নির্দিষ্ট উপধাত থাকা সত্ত্বেও ৪৮৯৯-অন্যান্য ব্যয় উপধাত হতে বোর্ড অ্যাফিলিয়েশন ফি এবং লিভারিজ পরিশোধের জন্য প্রস্তাব করা হয়েছে।
- সংযুক্ত মালামাল/যন্ত্রপাতির তালিকায় কোন কোনটিতে টেকনিক্যাল স্পেসিফিকেশন উল্লেখ করা হয়নি এবং ৬৮১৩-যন্ত্রপাতি ও সরঞ্জাম উপধাতে কাঁচামাল ও খুচরা যন্ত্রাংশ/আনুষঙ্গিক মালামাল ক্রয়ের প্রস্তাব করা হয়েছে।
- 'বার্ষিক ক্রয় পরিকল্পনা' এবং সংযুক্ত মালামাল/যন্ত্রপাতির তালিকায় সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানগণের স্বাক্ষর ব্যতীত শুধুমাত্র অধ্যক্ষের একক স্বাক্ষর রয়েছে।
- টিওএইভিভুক্ত মোটর যানবাহন না থাকা সত্ত্বেও ৪৯০১-মোটর যানবাহন মেরামত উপধাতের যন্ত্রপাতির তালিকা তৈরি করে অনুমোদনের জন্য প্রস্তাব প্রেরণ করা হয়েছে।
- বরাদ্দকৃত বাজেটের আওতায় মালামাল/যন্ত্রপাতির তালিকা প্রস্তুত না করে বাজেট বরাদ্দের বাইরে অতিরিক্ত পরিমাণ মালামাল ক্রয়ের অনুমোদনের জন্য প্রস্তাব প্রেরণ করা হয়েছে।

উল্লেখ্য যে, বিভাগীয় প্রধান এবং অধ্যক্ষগণকে সরকারি তহবিলের অর্থ দ্বারা পণ্য, কার্য বা সেবা ক্রয় এবং আনুষঙ্গিক বিষয়ে একাধিকবার প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

এমতাবস্থায়, এ বিষয়ে প্রশিক্ষণ থাকা সত্ত্বেও কেন উপরে বর্ণিত দফা ক) হতে জ) পর্যন্ত মালামাল/যন্ত্রপাতির ত্রুটিপূর্ণ তালিকা প্রস্তুত করে 'বার্ষিক ক্রয় পরিকল্পনা' অনুমোদনের জন্য অধিদপ্তরে প্রস্তাব করা হয়েছে তা পত্র প্রাপ্তির পর ০৩(তিন) কার্য দিবসের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর নিকট ব্যাখ্যা প্রদান এবং পিপিআর-২০০৮ এ বিদ্যমান বিধি মোতাবেক সঠিকভাবে APP তৈরি করে পুনরায় অনুমোদনের জন্য প্রস্তাব প্রেরণের অনুরোধ করা হলো।


(মোঃ জুহুরুল ইসলাম)
সহকারী পরিচালক
ফোন : ০২-৮১৮১২৩০।

প্রাপকঃ

অধ্যক্ষ
কুষ্টিয়া টেকনিক্যাল স্কুল ও কলেজ
কুষ্টিয়া।

অনুলিপিঃ

১০১। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা। তাঁকে অত্র পত্রখানা অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।